

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৪ মার্চ, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৪/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আন্দুস সোবহান এর নেতৃত্বে "সাদা পাথর হোটেল এন্ড রিসোর্ট, ভোলাগঞ্জ, কোম্পানীগঞ্জ, সিলেট" এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে "সাদা পাথর হোটেল এন্ড রিসোর্ট" টিতে লেবেল বিহীন পন্য, ফ্রিজ ম্যানেজমেন্ট সঠিক উপায়ে করা হয় না, ফ্রোজেন খাদ্যে ফাংগাস এর উপস্থিতি লক্ষ্য করা যায়, প্রচুর পরিমাণে বাসি খাবার লক্ষ্য করা যায়, মেয়াদোত্তীর্ণ খাদ্যপন্য, আমদানিকারক এর সিল বিহীন অবৈধ বিদেশি পন্য, ফুড ব্রাশের পরিবর্তে পেইন্টিং ব্রাশ এর ব্যবহার, পোড়া তেল এর ব্যবহার এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য অফিসার জনাব সৈয়দ সারফরাজ হোসেন, সিলেট। উপজেলা নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং সিলেট জেলা পুলিশের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।